



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
শ্রম অধিদপ্তর  
সালিশী শাখা



শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়ের আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২য় কোয়ার্টারের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত 'ফিডব্যাক' সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ বেলাল হোসেন শেখ পরিচালক (প্রশাসন)
সভার তারিখ	৩১/০১/২০২৩ খ্রি.
সভার সময়	বেলা ১১:৩০ ঘটিকা
স্থান	শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়
উপস্থিতি	হাজিরা সংযুক্ত

শ্রম অধিদপ্তরের অধীনস্থ দপ্তরসমূহের নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে শ্রম অধিদপ্তরের শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন, রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ কার্যাবলী সম্পাদনে সুশাসন ও জবাবদিহিতা প্রতিষ্ঠায় শুদ্ধাচার চর্চা একটি অপরিহার্য কৌশল। এ কৌশল বাস্তবায়নে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত নির্দেশিকা অনুযায়ী আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে এবং কার্যক্রমসমূহ বাস্তবায়ন করবে। তিনি আরও বলেন সরকারি কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে সরকার 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭ সংশোধনপূর্বক "শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০২১" প্রণয়ন করেছে। এ নীতিমালা অনুসরণে প্রতি অর্থবছরে সরকারি কর্মচারীদের শুদ্ধাচার চর্চার নিমিত্ত পুরস্কার প্রদান করা হবে। অতঃপর তিনি আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২৩ বাস্তবায়ন অগ্রগতির ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) এর প্রতিবেদন সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন।

প্রতিবেদন পর্যালোচনান্তে আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের শুদ্ধাচার বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- সকল আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২৩ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন করবে।
- প্রতি কোয়ার্টারে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে।
- শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ নির্দিষ্ট সময় অনুযায়ী আয়োজন করতে হবে।
- কর্ম-পরিবেশ উন্নয়ন (পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/টিওএন্ডইভুজু অকেজো মালামাল বিনষ্টকরণ/নথি বিনষ্টকরণ/মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা ইত্যাদি) কার্যক্রম নির্দিষ্ট সময় অনুযায়ী করতে হবে।
- ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচার কার্যক্রম যথাযথ সময়ে বাস্তবায়ন করতে হবে।
- শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমগুলো যথা সময়ে বাস্তবায়ন করতে হবে।
- শ্রম অধিদপ্তরের অধীনস্থ সকল অফিস ১ম ও ২য় কোয়ার্টারের প্রতিবেদন প্রমানকসহ বহি আকারে ষান্মাষিক প্রতিবেদন আগামী ০৯/১/২০২৩খ্রি. তারিখে অত্র দপ্তরে প্রেরণ করবে।
- মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রকাশিত আঞ্চলিক ও মাঠপর্যায়ের কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩ এ উল্লিখিত প্রমানকসহ স্ব-স্ব লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন আগামী ০৪/০৪/২০২৩খ্রিঃ

তারিখের মধ্যে শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়ে প্রেরণ এবং স্ব-স্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে।

পরিশেষে সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ বেলাল হোসেন শেখ  
পরিচালক (প্রশাসন)

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.০৩৫.১৬.০০৩.২১.৭৩

তারিখ: ১৮ মাঘ ১৪২৯

০১ ফেব্রুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, ঢাকা / চট্টগ্রাম / নারায়নগঞ্জ / রাজশাহী / খুলনা ।
- ২) পরিচালক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঙ্গী, গাজীপুর
- ৩) উপ-পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার
- ৪) উপ-পরিচালক, চট্টগ্রাম/খুলনা/রাজশাহী।
- ৫) উপ পরিচালক, আঞ্চলিক শ্রম দপ্তর ফরিদপুর / ময়মনসিংহ / কুমিল্লা / রংপুর / বগুড়া / দিনাজপুর / বরিশাল / কুষ্টিয়া / সিলেট ।
- ৬) সিনিয়র মেডিকেল অফিসার, শ্রম কল্যাণ কেন্দ্র, তেজগাঁও, ঢাকা / শ্রীমঙ্গল, মৌলভীবাজার / ষোলশহর, নাসিরাবাদ, চট্টগ্রাম / কালুরঘাট, চট্টগ্রাম / চাষাড়া, নারায়নগঞ্জ / বন্দর, নারায়নগঞ্জ / টঙ্গী, গাজীপুর / সাঁটিরপাড়া, নরসিংদি / ঘোড়াশাল, পলাশ, নরসিংদি / খালিশপুর, খুলনা, শ্রম অধিদপ্তর ।
- ৭) মেডিকেল অফিসার, শ্রম কল্যাণ কেন্দ্র, আশুগঞ্জ / সরিষাবাড়ী / চাঁদপুর / চৌমহনী / রূপসা / মংলা / কুষ্টিয়া / বরিশাল / সপুরা / সিরাজগঞ্জ / বগুড়া / গাইবান্ধা / সৈয়দপুর / লালমনিরহাট / ঘাগড়া / চন্ডিছড়া / সমশেরনগর / পাত্রখোলা / ফুসকুড়ী / লোহাইউনি / কাপনাপাহাড় / চিকনাগুল, শ্রম অধিদপ্তর।
- ৮) সহকারী পরিচালক , তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেল , শ্রম অধিদপ্তর (শ্রম অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোসহ))
- ৯) সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর, মহাপরিচালক এর দপ্তর, শ্রম অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য))

মিনু আফরোজ  
উপ পরিচালক (শুদ্ধাচার ও বিবিধ)